তারিখ 07 APR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

দৈনিক বাংলা

# ঢাকা ভার্সিটি অনার্সে ভর্তি পরীক্ষা ৯ মে থেকে শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় অনার্স প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা আগামী ৯মে থেকে পর্যায়ক্রমে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় জেনারেল এডমিশন কমিটির এক গুরুত্বপূর্ণ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ এই সভায় সভাপতিত্ব করেন।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে ক্যাম্পাস পরিস্থিতি বিশ্লেষণ, ও একাডেমিক দিক বিবেচনা করে বিস্তারিত আলোচনা শেষে পরীক্ষার নতুন সময়সূচী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। গৃহীত সময়সূচী অনুযায়ী 'গ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত ৯ মে, 'ঘ' ইউনিটের পরীক্ষা ১০ মে, 'খ' ইউনিটের পরীক্ষা ১৭মে এবং 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৪ মে অনুষ্ঠিত হবে।

এমসিকিউ পদ্ধতিতে এবারই ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ অনার্স ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এই পরীক্ষা গত মার্চ মাসে অনুষ্ঠানের কথা থাকলেও দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে পরীক্ষার যাবতীয় কার্যক্রম স্থগিত রাখা হয়।

নতুন নিয়মে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ আগামী কাল সোমবার শেষ হবে। সূত্র জানিয়েছেন শনিবার পর্যন্ত ফরম বিক্রি হয়েছে "ক" ইউনিটে ২০ হাজার ২শ' "খ" ইউনিটে ২৪ হাজার ৩শ' ২১ "ঘ" ইউনিটে ১৪ হাজার ১০২, এবং "গ" ইউনিটে ৯ হাজারের কিছু বেশী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত বছর পর্যন্ত তিন হাজার ৬শ' ৩৬টি আসনে ভর্তি করা হয়েছিল। এ বছর কর্তৃপক্ষ আরও শতকরা ১০ ভাগ বেশী আসনে ভর্তি করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই সিদ্ধান্ত অনুযায়ী এবার ৪ হাজার আসনে ভর্তি করা হবে।

নতুন নিয়মে ভর্তির পরীক্ষায় এক ঘন্টা সময় থাকবে। কোন অতিরিক্ত উত্তরপত্র দেয়া হবে না।

ভর্তি পরীক্ষার তারিখ এবং নতুন পদ্ধতি সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর আসাদুজ্জামান দৈনিক বাংলাকে বলেন, নতুন নিয়মে ভর্তি পরীক্ষা হবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার মডেল। তিনি বলেন এই নিয়মে একটি নিশ্ছিদ্র ও ত্রুটিমুক্ত ভর্তি সম্ভব হবে। তিনি জানান নতুন করে কোন [illegible] ঘটলে প্রথমবর্ষ ভর্তি প্রক্রিয়া শেষে ১ জুলাই ক্লাস শুরু করা হবে।